



**KRISHIBID AUSTRALIA INC**

Registration Number INC 1300522

## কৃষিবিদ অস্ট্রেলিয়া-র বার্ষিক সাধারণ সভা ২০১৮

গত ৯ই সেপ্টেম্বর ২০১৮ সিডনির মিল্টোতে রন মোর কমিউনিটি হলে ২০১৬-২০১৮র কার্যকরী কমিটি বিলুপ্তি এবং নুতন কার্যকরী কমিটি (২০১৮-২০২০) নির্বাচনের মধ্য দিয়ে কৃষিবিদ অস্ট্রেলিয়া-র বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। সংগঠনের সভাপতি ড: মাকসুদুল বারীর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক ড: মাসুদ পারভেজের সঞ্চলনায় অনুষ্ঠানটি পরিচালিত হয়। দুপুর সাড়ে ১২টায় অনুষ্ঠানের শুরুতে সভাপতির স্বাগত বক্তব্যের পর বার্ষিক সাধারণ সভা ২০১৭র কার্যবিবরণী অনুমোদন ও সাধারণ সম্পাদকের প্রতিবেদন উপস্থাপন করা হয়। কোষাধ্যক্ষ ড: আনোয়ারুল বকশী এরপরে বাৎসরিক আয় ব্যয়ের হিসাব অনুমোদনের জন্যে উপস্থাপন করেন।

মুক্ত আলোচনা পর্বে কৃষিবিদ অস্ট্রেলিয়া-র স্থায়ী সদস্য পদ বৃদ্ধি, এনুয়াল ডিনার, বাৎসরিক আয় ব্যয়ের হিসাব, বেনোভোলেন্ট ফান্ড, ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অংশগ্রহণ করেন জনাব উসমান গনি, ড: মাকসুদুল বারী, জনাব এ ওয়াই এম তোজাম্মেল হক মুকুল, ড: শাহনাজ পারভেজ, ড: আনোয়ারুল বকশী, খোন্দকার মালিক সাফি, জনাব মো: রবিউল হক, জনাব মো: জাকির হোসেন, মিসেস নুরুন নাহার, জনাব নূর মো: সায়েদ, ড: মিজানুর রহমান, জনাব মো: মনোয়ার হোসেন, ড: মলয় বিশ্বাস, মিসেস স্বপ্না দেওয়ান, জনাব করিম ইকবাল, ড: হানিফ মিঞা (ঝিলু), জনাব সৈয়দ সিরাজুল ইসলাম (সিরাজ), ড: মাসুদ পারভেজ এবং জনাব মোতাহার হোসেন।



মধ্যাহ্ন ভোজের পরে অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে সভাপতি ড: মাকসুদুল বারী ২০১৬-২০১৮র কার্যকরী কমিটির বিলুপ্তি ঘোষণা করেন এবং রিটার্নিং অফিসার জনাব মোতাহার হোসেনকে ২০১৮-২০২০র নূতন কার্যকরী কমিটি গঠনের কার্যক্রম পরিচালনার জন্য আহ্বান জানান। কার্যকরী কমিটির প্রতিটি পদের জন্যে একজন করে বৈধ মনোনয়নপত্র দাখিলকৃত প্রার্থী থাকায় রিটার্নিং অফিসার জনাব মোতাহার হোসেন প্রার্থীদের সবাইকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করেন। এরপরে জনাব হোসেন নূতন কার্যকরী কমিটির সদস্যদের একে একে মঞ্চে ডেকে বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সবার সাথে পরিচয় করিয়ে দেন এবং কৃষিবিদ অস্ট্রেলিয়া-র উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

### **নূতন কার্যকরী কমিটি (২০১৮-২০২০) :**

সভাপতি	ড: হানিফ মিঞা(ঝিলু)
সহ সভাপতি	মো: উসমান গনি
সাধারণ সম্পাদক	ড: মাসুদ পারভেজ
সহ-সাধারণ সম্পাদক	খন্দকার মালিক সাফি
কোষাধ্যক্ষ	জাহেরুল ইসলাম
ক্রীড়া সম্পাদক	মো: রবিউল হক
সাংস্কৃতিক সম্পাদক	ড: রঞ্জনা সরকার(ছবি)
জনসংযোগ সম্পাদক	সৈয়দ সিরাজুল ইসলাম (সিরাজ)

### **কার্যনির্বাহী সদস্য :**

আব্দুল মাজিদ  
আব্দুল হালিম মিঞা  
নূর মোঃ সায়েদ  
মাকসুদা বেগম শেলী  
মো: মনোয়ার হোসেন  
করিম ইকবাল  
ড: মিজানুর রহমান

নব-নির্বাচিত সাধারণ সম্পাদক ড: মাসুদ পারভেজ তাঁর শুভেচ্ছা বক্তব্যে পূর্ববর্তী কার্যকরী কমিটির সাফল্যের প্রশংসা এবং কৃষিবিদ অস্ট্রেলিয়া-র বিভিন্ন দিক নিয়ে

আলোকপাতের পাশাপাশি আগামী দিনের গুরুত্বপূর্ণ কর্মসূচির ঘোষণা দেন। ড: পারভেজ অস্ট্রেলিয়ায় বসবাসরত কৃষিবিদদের সবার সহযোগিতায় ঐক্যবদ্ধভাবে কাজ করার আশা রেখে উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান। নব-নির্বাচিত সভাপতি ড: হানিফ মিশ্রা (ঝিলু) তাঁর বক্তব্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করেন এবং পূর্ববর্তী কার্যকরী কমিটিসহ সবাইকে ধন্যবাদ জানিয়ে বিকাল সাড়ে ৪টায় অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

সৈয়দ সিরাজুল ইসলাম(সিরাজ), জনসংযোগ সম্পাদক, কৃষিবিদ অস্ট্রেলিয়া কর্তৃক প্রচারিত।

---